

Times Today BD

রিফাত ইসলাম | ক্যাম্পাস | 19 June, 2025

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী বলেছেন, শিক্ষকবৃন্দের ক্লাস-পরীক্ষা নেওয়ার পাশাপাশি আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হলো গবেষণা কার্যক্রমে সম্পৃক্ত হওয়া এবং ভালো গবেষক তৈরি করা। শিক্ষা ও গবেষণায় গুণগত সমৃদ্ধি অর্জন করতে পারলে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় র্যাংকিংয়ে আরো এগিয়ে আসবে।

আজ বৃহস্পতিবার (১৯ জুন, ২০২৫) সকালে একাডেমিক ভবন-২ এর ভার্সিটি ক্লাসরুমে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত ‘প্রোপোজাল রাইটিং ফর ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল গ্রান্টস’ শীর্ষক কর্মশালার দ্বিতীয় দিনে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য এসব কথা বলেন। এ সময় তিনি আরও বলেন, ভালো গবেষক হবার জন্য, কিংবা মানসম্পন্ন ও যুগোপযোগী গবেষণা কার্যক্রম পরিচালনা জন্য সবচেয়ে দরকারি হলো গবেষণা অনুদান। উপাচার্য বলেন, যেসকল শিক্ষক যত বেশি গবেষণা অনুদান সংগ্রহ করতে পারেন, আন্তর্জাতিক পরিমন্ডলে তাঁদের তত বেশি পরিচিতি ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে।

উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি পরিচালক প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম। দেশি বিদেশি অনুদান সংগ্রহের ক্ষেত্রে গবেষকদের গবেষণা প্রস্তাবনা লেখার নানা কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক খুলনা বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিনের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইউসুফ আল হারুন।

দুই দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। এ সময় বেরোবি আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক ড. মোঃ আব্দুল লতিফ এবং ড. মোঃ আব্দুর রকিব উপস্থিত ছিলেন।

বেরোবি শিক্ষা ও গবেষণা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 23:53

URL: <https://timestodaybd.com/campus/7758073497>